



বাংলা একাডেমি  
ঢাকা ১০০০



## অমর একুশে বইমেলা ও অনুষ্ঠানমালা ২০২১ স্পন্সরশিপ সংক্রান্ত বিজ্ঞপ্তি

পত্র সংখ্যা :ক্রনিস-১২১১/২০২০/২১৬/৫/বা/এ

তারিখ : ২৫.১০.২০২০

বাংলা একাডেমি ০১. ০২. ২০২১ তারিখ থেকে ২৮. ০২. ২০২১ তারিখ পর্যন্ত 'বাংলা একাডেমি অমর একুশে বইমেলা ২০২১' আয়োজন করতে যাচ্ছে। এবারের বইমেলা আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে। করোনা পরিস্থিতিতে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে বইমেলা অনুষ্ঠিত হবে।

অমর একুশে বইমেলা ২০২১ আয়োজনে সার্বিক সহযোগিতার জন্য দেশীয় ইভেন্ট ব্যবস্থাপনা প্রতিষ্ঠান / ব্যাংক / বীমা / আর্থিক প্রতিষ্ঠান বা সংশ্লিষ্ট দেশীয় প্রতিষ্ঠানের নিকট থেকে বাংলা একাডেমি স্পন্সর গ্রহণে আহ্বান করা হচ্ছে। এ সংক্রান্ত কাজের বিবরণী (ইভেন্টসমূহ) ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যে বাংলা একাডেমির ড. মুহম্মদ শহীদুল্লাহ ভবনের ৫ম তলায় অবস্থিত হিসাবরক্ষণ ও বাজেট উপবিভাগ থেকে ১১. ১১. ২০২০ তারিখ বুধবার বিকাল ৫.০০টা পর্যন্ত সংগ্রহ করা যাবে।

ইভেন্ট ব্যবস্থাপনা করতে আহ্বান করা প্রতিষ্ঠানের নিকট থেকে মুখবন্ধ খামে প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। আহ্বান করা প্রতিষ্ঠানকে আগামী ১২. ১১. ২০২০ তারিখ বৃহস্পতিবার দুপুর ১২.০০টার মধ্যে প্রস্তাব জমা প্রদান করতে হবে। প্রাপ্ত প্রস্তাব/প্রস্তাবসমূহ বিবেচনা করে একাডেমি ইভেন্ট ব্যবস্থাপনাকারী প্রতিষ্ঠান চূড়ান্ত করবে।

ইভেন্ট ব্যবস্থাপনা প্রতিষ্ঠান ও স্পন্সর গ্রহণ সংক্রান্ত যে কোনো বিষয়ে বাংলা একাডেমির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সচিব  
বাংলা একাডেমি, ঢাকা  
ফোন : ০২-৫৮৬১১২১৬